ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৪১
খোয়াই, ৪ সেপ্টেম্বর, ২০২৫

**আমপুরা বাজার উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও**
**ছাত্রীনিবাস পরিদর্শনে জনজাতি কল্যাণ মন্ত্রী**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ আমপুরা বাজার উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং এই বিদ্যালয়ের জনজাতি ছাত্রীনিবাসটি পরিদর্শন করেন। বিদ্যালয় পরিদর্শনকালে তিনি ছাত্রছাত্রীদের পুষ্টি ও স্বাস্থ্য সচেতনতা বিষয়ে খোঁজ খবর নেন। ছাত্রছাত্রীদের সঙ্গে মতবিনিময়ের সময় তিনি বলেন, পড়াশোনার সাথে সাথে সঠিক খাওয়া দাওয়া এবং স্বাস্থ্য বিষয়ে সচেতন হতে হবে।

জনজাতি কল্যাণ মন্ত্রী বিদ্যালয়ের বিভিন্ন পরিকাঠামো, পঠনপাঠনের ব্যবস্থা এবং সমস্যাগুলির বিষয়ে অবগত হন। ছাত্রীনিবাস পরিদর্শনের পর তিনি বলেন, বর্তমানে এই হোস্টেলের আসন সংখ্যা ২০টি। এই ছাত্রীনিবাসটিকে ৫০ শয্যাবিশিষ্ট করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ছাত্রীদের জন্য নিরাপদ ও সুবিধাজনক হোস্টেলের ব্যবস্থা করতে রাজ্য সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। হোস্টেল পরিদর্শনের সময় এই ছাত্রীনিবাসের চেয়ারম্যান ইন্দ্রানী দেববর্মাও উপস্থিত ছিলেন।

*****